সমকাল

তারিখ ... 06 SEP 2010 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৪ ...

# 'ছাত্রদল ফেসবুকে ছবি দিয়ে প্রতারণা করছে'

— গয়েশ্বর

■ সমকাল প্রতিবেদক

ছাত্রদল ফেসবুকে মিছিলের ছবি পোস্ট করে প্রতারণা করছে বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেন, ফেসবুকে মিছিলের ছবি পোস্ট করে আন্দোলন-সংগ্রাম হয় না। একটি গলির মধ্যে ১০০ বা ২০০ গজ দূর থেকে ছবি তুলে ফেসবুকে দেওয়া হয়েছে। এটি নিজের সঙ্গে নিজেরই প্রতারণা। গতকাল সোমবার রাজধানীর জাতীয় প্রেস ক্লাবে জাতীয়তাবাদী যুবদল আয়োজিত আলোচনা সভায় গয়েশ্বর চন্দ্র রায় প্রধান অতিথির বক্তব্যে এ মন্তব্য করেন। বিএনপির সিনিয়র ভাইস চেয়ারম্যান তারেক রহমানের নবম কারামুক্তি দিবস উপলক্ষে এ সভার আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন যুবদলের ভারপ্রাপ্ত সভাপতি আবদুস সালাম আজাদ।

গয়েশ্বর চন্দ্র বলেন, ছাত্রদলের নেতাদের ফাঁকিবাজি ছেড়ে দিয়ে দলের জন্য যতটুকু করার ততটুকু করতে হবে। পরামর্শ দিয়ে তিনি বলেন, পদে মুক্তি নেই, পথে মুক্তি আছে। পদে মুক্তি নেই, কর্মে মুক্তি আছে। তাই পদের পেছনে না ছুটে রাজপথে নামুন, অন্যথায় হারিয়ে যাবেন। তিনি আরও বলেন, আর কতদিন আমরা তারেক রহমানের কারামুক্তি দিবস পালন করব? এখন আমরা অপেক্ষায় আছি, কবে তারেক রহমানের প্রত্যাবর্তন দিবস পালন করব। এজন্য রাজপথে জনগণকে একত্রিত করে দেশের গণতন্ত্রকে মুক্ত করতে হবে।